



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০১৬.৪৯.১৭-১৫৩

তারিখঃ ০৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

বিষয়ঃ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা এর মালিকানা ও দখলাধীন ভূমির ভুল রেকর্ড সংশোধন, (২) সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা'র খেলার মাঠে স্থাপিত আদালতের বিচারিক কার্যক্রম সমাপ্ত হওয়ায় অস্থায়ী আদালতের মালামাল সরানো এবং (৩) সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা'র ক্যাম্পাসের পূর্ণ ক্লেচম্যাপসহ প্রতিবেদন।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১৮২, তারিখ-১৮.১০.২০২০ খ্রি।
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১১৩, তারিখ: ১৪.১০.২০ খ্রি।
(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-১৭৩, তারিখ: ১৪.১০.২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা এর মালিকানা ও দখলাধীন ভূমির ভুল রেকর্ড সংশোধন, (২) সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা'র খেলার মাঠে স্থাপিত আদালতের বিচারিক কার্যক্রম সমাপ্ত হওয়ায় অস্থায়ী আদালতের মালামাল সরানো এবং (৩) সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা'র ক্যাম্পাসের পূর্ণ ক্লেচম্যাপসহ প্রতিবেদনের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো স্পষ্ট হওয়া প্রয়োজন:

- ক. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ১৪৯(৪) ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণের এজিয়ার সচিব, ভূমি মন্ত্রণালয়ের নয়। তবে প্রকৃত এজিয়ার সম্পন্ন কর্তৃপক্ষ কে?
- খ. রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ১৪৯(৪) ধারা অনুযায়ী আবেদন দাখিলের মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিনা?
- গ. সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা এর মালিকানা তথা Chain of title (সি.এস, এস.এ, আর.এস এবং মহানগর জরীপ ইত্যাদি) সংক্রান্ত তথ্য।
- ঘ. ম্যাপে ফুটনোটসহ ঘরগুলো ভিন্ন ভিন্ন কালারে চিহ্নিত করে দাগ নম্বরগুলি কোন জরীপের (CS, SA, RS এবং City জরীপ) তা স্পষ্ট হওয়া প্রয়োজন।
- ঙ. ইতোপূর্বে রেকর্ড সংশোধনের জন্য আদালতে কোন মামলা দায়ের হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার নম্বরসহ সর্বশেষ অবস্থা কী?

০২। এমতাবস্থায়, উপরিউক্ত তথ্য (প্রমাণকসহ) আগামি ২৯.১০.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২/১০/২০২০

(এ.কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোন: ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।